# সেপ্টেম্বর/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতিঃ | অসীম কুমার বিশ্বাস<br>চেয়ারম্যান (ভাঃপ্রাঃ), উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া |
| সভার তারিখ ও সময়ঃ | ১১/০৯/২০২৩, সকাল-১১.০০ ঘটিকা |
| স্থানঃ | "বজ্রকণ্ঠ" উপজেলা পরিষদ সভা কক্ষ। |

উপস্থিত ব্যক্তিবর্গের তালিকাঃ পরিশিষ্ট "ক"

জনাব অসীম কুমার বিশ্বাস, চেয়ারম্যান (ভাঃপ্রাঃ), উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া এর সভাপতিত্বে সেপ্টেম্বর/২০২৩ মাসের মাসিক সমন্বয় সভা "বজ্রকণ্ঠ'' উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। অতঃপর পূর্ববর্তী মাসের কার্যবিবরণী সকলকে পাঠ করে শুনানো হয়। কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়করন করা হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণকে সমন্বয় সভায় তাদের বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

## উপজেলা প্রকৌশলীর কার্যালয়, টুঙ্গিপাড়া

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া জানান যে, এডিপি প্রথম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। এডিপি প্রকল্প গ্রহণ করতে হবে। এজন্য সকল ইউ,পি চয়ারম্যানদের তালিকা প্রদানের জন্য অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সিদ্ধান্তঃ এডিপি/২০২৩-২৪ প্রকল্প প্রদানের জন্য অনুরোধ জানানা। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া<br>২। উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া। |

## উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, সাধারণ ও এমপি কোটার টিআর ও কাবিখা বরাদ্দ এসেছে। প্রকল্প দাখিলের জন্য স্ব স্ব ইউনিয়ন পরিষদে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সিদ্ধান্তঃ নির্ধারিত সময়ের মধ্যে নীতিমালা অনুসরণপূর্বক প্রকল্প দাখিলের জন্য অনুরোধ জানান। | (১) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

## উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা শিক্ষা অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, ০৪টি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণের জন্য পুরাতন ভবন অপসারণ করা প্রয়োজন। এ লক্ষ্যে একটি ৪টি বিদ্যালয়ের কনডেমকৃত ভবন নিলামের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। | সিদ্ধান্তঃ ভবন নিলামের বিষয়ে উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া এর সাথে সমন্বয় করে কাজ করার অনুরোধ জানান। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, টুঙ্গিপাড়া। |

## উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ পর্যন্ত মোট ২০০ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি পরবর্তী সুস্থ হয়ে বাড়ী ফিরেছেন। বর্তমানে ২২ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি আছেন। আগস্ট/২০২৩ মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, টুঙ্গিপাড়ায় জরুরী বিভাগে ২০১৫ জন চিকিৎসা সেবা গ্রহণ করেছে। । বহিঃ বিভাগে ১২৩১৭ জন চিকিৎসা সেবা গ্রহণ করেছেন এবং সিজার হয়েছে ৩২টি নরমাল ডেলিভারী হয়েছে ৯১টি। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সিদ্ধান্তঃ ডেঙ্গু জ্বর বিষয়ে সকলকে সচেতন করার জন্য অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

## উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কর্যালয়

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, জুলাই/২০২২ মাসে বাল্য বিবাহ, যৌতুক, নারী নির্যাতন, ইভটিজিং প্রতিরোধে সচেতনতাবৃদ্ধিমূলক ০১টি উঠান বৈঠক করা হয়েছে। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পে (১) ফ্যাশন ডিজাইন ও (২) বিউটিফিকেশন ২টি ট্রেডে ৫০ জনের ক্লাস চলমান রয়েছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ক্লাব পরিদর্শন করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | --০-- | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

CS CamScanner

## বঙ্গবন্ধু শেখ মুজিব সেন্টিনিয়াল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র

| | | |
|---|---|---|
| সভায় অধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব সেন্টিনিয়াল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, টুঙ্গিপাড়া জানান যে, তাদের ভবনে এখনও পানির লাইনের সংযোগ দেওয়া হয়নি। যে কারণে অনেক সমস্যা হচ্ছে। দ্রুত পানির সংযোগ দেওয়ার জন্য অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে, তাদের প্রশিক্ষণ কেন্দ্রে ড্রাইভিং, কম্পিউটার প্রশিক্ষণ, সহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। তিনি আরও জানান যে, হাউজ কিপার পদে বিদেশ গমনে ইচ্ছুক নারীরা ফ্রি প্রশিক্ষণ গ্রহণ করে বিদেশ যেতে পারে। তাদের জন্য থাকা খাওয়ার ব্যবস্থা ফ্রি। তাছাড়া প্রশিক্ষণ শেষেও সম্মানী প্রদান করা হবে। এ বিষয়ে সকলকে অবহিত করাসহ সার্বিক সহযোগীতা কামনা করেন। | সিদ্ধান্তঃ বঙ্গবন্ধু শেখ মুজিব সেন্টিনিয়াল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে দ্রুত পানির সংযোগ দেওয়ার জন্য অনুরোধ জানান। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

## উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বর্তমানে ভাতা ভোগীদের লাইভ ভেরিফিকেশন চলছে। এখন পর্যন্ত ১৬০০০ ভাতা ভোগীর লাইভ ভেরিফিকেশন সম্পন্ন হয়েছে। ভাতা ভোগীদের অর্থ মিসিং হওয়ার বিষয়ে সচেতন করার জন্য সকল ইউ,পি চেয়ারম্যানদের মাইকিং করার অনুরোধ জানান। এবং ভাতা ভোগীর নিজ নাম বাদে অন্য কারও নামের মোবাইল সিমে অর্থ প্রেরণ করা হবে না। এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কমান করেন। এছাড়া দপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সিদ্ধান্তঃ ভাতা ভোগীদের সচেতন করার জন্য সকল ইউ,পি চেয়ারম্যানদের মাইকিং করার অনুরোধ জানান। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

## উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, আত্মকর্মসংস্থান কর্মসূচীর আওতায় ১১জন প্রশিক্ষিত যুব ও যুব মহিলাদের মাঝে স্ব স্ব প্রকল্পের অনুকূলে যুব ঋণ ৬৬০০০০/= টাকার যুব ঋণ প্রদান করা হয়েছে। পরিবার ভিত্তিক কর্মসূচীর আওতায় গ্রুপ ও কেন্দ্র গঠনের মাধ্যমে ৮০জন বেনিফিসিয়ারীদের মাঝে ৯৬০০০০/= টাকার ক্ষুদ্রঋণ প্রদান কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া দপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সিদ্ধান্তঃ খেলাপী ঋণ আদায় অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

## উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে, চলতি মাসে মোট ২০.২৯ লক্ষ টাকার ঋণ বিতরণ করা হয়েছে। বকেয়াসহ মোট আদায় ৩৭.২৪ লক্ষ টাকা। বর্তমানে কোন প্রশিক্ষণ কার্যক্রম চলমান নেই। এছাড়া দপ্তারিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সিদ্ধান্তঃ খেলাপী ঋণ আদায় অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। | ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

## উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা সমবায় কর্মকর্তা, টুঙ্গিপাড়া জানান যে; দেশের বিভিন্ন স্থানে সমবায় বিভাগের নিবন্ধন বিহীন বহুমুখী/ মাল্টিপারপাস সমিতির নামে সঞ্চয় সংগ্রহ ও লোন কার্যক্রম পরিচালনা করছে। টুঙ্গিপাড়া উপজেলায় এ ধরণের কোন প্রতিষ্ঠান উপজেলা সমবায় কার্যালয়ের নজর এড়িয়ে কার্যক্রম পরিচালনা করে থাকলে, উপজেলা সমবায় বিভাগকে অবহিত করতে অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে; দুগ্ধ উন্নয়ন প্রকল্পের আওতায় এই উপজেলায় ১৬৬ জন দুগ্ধ খামারীকে ০৩ (তিন) বছর মেয়াদী ১৩৭,৫০,০০০/= (এক কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা সুদ বিহীন ঋণ দাদন করা হয়েছিল। বর্তমান মাস পর্যন্ত ঋণ আদায়ের পরিমাণ- ৪৬৮১৪০০/= টাকা। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় বাস্তবায়নাধীন আশ্রয়ন প্রকল্প ফেইজ ২ এর অধীনে উপজেলা সমবায় দপ্তর, টুঙ্গিপাড়া এর আওতায় নিবন্ধিত ০২টি সমিতিতে ৬৮ জন সদস্যকে | ----০---- | ১। উপজেলা সমবায় কর্মকর্তা, টুঙ্গিপাড়া |

CamScanner

| | | |
|---|---|---|
| ১১,১০,০০০/= টাকা ঋণ দাদন করা হয়েছে। বর্তমান মাস পর্যন্ত আদায়- ৪৩৩৭০৬/=। সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় নারী উন্নয়ন সমিতির ০২টি নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২০০ জন মহিলা সদস্যদের মধ্যে ২,৪০,০০,০০০/= টাকা সুদ বিহীন ঋণ প্রদান করা ঋন আদায়ের পরিমাণ- ১২৩৯৭৪০০/= টাকা। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | | |

অতঃপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

(অসীম কুমার বিশ্বাস)
চেয়ারম্যান (ভাঃপ্রাঃ)
উপজেলা পরিষদ
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং-০৫.৩০.৩৫৯১.০০৬.০০.০০১.১২-১১২০ তারিখঃ ১১/০৯/২০২৩খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
০৫। মাননীয় জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি, গোপালগঞ্জ-৩।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
০৮। মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভা, টুঙ্গিপাড়া।
০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
১০। উপজেলা ..........................................কর্মকর্তা, টুঙ্গিপাড়া/অফিসার ইনচার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ।
১১। চেয়ারম্যান .............................................. ইউপি (সকল), টুঙ্গিপাড়া।
১২। জনাব ..........................................................................................
১৩। অফিস কপি।

(মোঃ আল মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়, গোপালগঞ্জ।
ফোন নং-(০২) ৬৬৫৬২০২

CS CamScanner